

## সুনান আদ-দারাকুতনী

হাদিস নম্বরঃ ২২৭

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৪. উযুর প্রারম্ভে বিসমিল্লাহ বলা

### بَابُ التَّسْمِيَةِ عَلَى الْوُضُوءِ

আরবী

ثَنَا الْحَسَنُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي الشَّوْكَ ، نَا الْحَسَنُ بْنُ مُكْرَمٍ ، نَا يَحْيَى بْنُ هَاشِمٍ وَثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ إِبْرَاهِيمَ ، نَا مُحَمَّدُ بْنُ غَالِبٍ وَثَنَا عُثْمَانُ بْنُ أَحْمَدَ الدَّقَّاقُ ، نَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سُنَيْنٍ ، قَالَ : نَا يَحْيَى بْنُ هَاشِمٍ ، نَا الْأَعْمَشُ ، عَنْ شَقِيقٍ ، عَنْ عَبْدِ اللَّهِ ، قَالَ : سَمِعْتُ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - يَقُولُ : " إِذَا تَطَهَّرَ أَحَدُكُمْ فَلْيَذْكُرْ اسْمَ اللَّهِ ؛ فَإِنَّهُ يُطَهِّرُ جَسَدَهُ كُلَّهُ ، وَإِنْ لَمْ يَذْكُرْ اسْمَ اللَّهِ عَلَى طُهُورِهِ لَمْ يَطَهَّرْ مِنْهُ إِلَّا مَا مَرَّ عَلَيْهِ الْمَاءُ ، فَإِذَا فَرَغَ مِنْ طُهُورِهِ فَلْيَشْهَدْ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ، وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ فَإِذَا قَالَ ذَلِكَ فَتَحَتْ لَهُ أَبْوَابُ السَّمَاءِ " . يَحْيَى بْنُ هَاشِمٍ ضَعِيفٌ

বাংলা

২২৭(১১). আল-হাসান ইবনে আহমাদ ইবনে আবুশ-শাওক (রহঃ) ... আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ তোমাদের কেউ উযু করলে সে যেন আল্লাহকে স্মরণ করে। তা তার সমস্ত শরীরকে পবিত্র করে দিবে। আর সে যদি উযুর প্রারম্ভে আল্লাহকে স্মরণ না করে তাহলে উযুর দ্বারা কেবল তার উযুর অঙ্গগুলোই পবিত্র হবে। উযু শেষে সে যেন তাশাহুদ পড়েঃ “আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহু ওয়া আল্লা মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু (আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই এবং মুহাম্মাদ তাঁর বান্দা ও রাসূল)। সে এটা বললে তার জন্য আকাশের দরজাসমূহ খুলে দেয়া হয়।

ইয়াহইয়া ইবনে হাশেম হাদীসশাস্ত্রে দুর্বল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=80016>

হাদিসবিডি প্রজেক্টে অনুদান দিন